# বাংলাদেশে
# নারী ব্যবসায়ী/উদ্যোক্তাদের
# ব্যবসায় অর্থায়নের উৎস
# ও
# সহজ অর্থায়ন প্রক্রিয়াকরণ প্রসঙ্গে।


মোঃ সাজ্জাদ হোসেন
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক
বরিশাল।




# বিভিন্ন প্রকার উদ্যোগ ও নারী উদ্যোক্তা

**উৎপাদনশীল শিল্পঃ**

পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংযোজন এবং পরবর্তীতে উৎপাদিত পণ্যের পূনঃসামঞ্জস্যকরণ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত সকল কর্মকান্ডই উৎপাদনশীল (ম্যানুফ্যাকচারিং) শিল্প হিসেবে বিবেচিত হবে।.

**ব্যবসা উদ্যোগঃ**

পণ্য ক্রয় বিক্রয়ের মাধ্যমে অর্থ উপার্জন সংক্রান্ত সকল কর্মকান্ড ব্যবসা/ট্রেডিং) উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।

**নতুন উদ্যোক্তাঃ**

যারা পূর্বে ব্যবসায়িক কাজে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে  অর্থায়ন সুবিধা গ্রহণ করেননি তারাই নতুন উদ্যোক্তা হিসেবে বিবেচিত হবেন।



**সেবা শিল্পঃ**

যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধা সম্পদের উল্লেখযোগ্য ব্যবহারের মাধ্যমে যে সকল সহায়ক উপযোগ সৃষ্টিকারী কর্ম সম্পাদিত হয় সেগুলি সেবা (সার্ভিস) শিল্পের অন্তর্ভুক্ত হবে।

**নারী উদ্যোগ/উদ্যোক্তাঃ**

যদি কোন নারী ব্যাক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী বা প্রোপ্রাইটর হন কিংবা 'অংশীদারী প্রতিষ্ঠান' বা 'রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস' এ নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে অন্যূন ৫১% (শতকরা একান্ন ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি বা তারা নারী উদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন এবং  ঐ উদ্যোগটি নারী উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।

# জাতীয় শিল্পনীতি ২০১৬ অনুসারে বিভিন্ন প্রকার শিল্প উদ্যোগ এবং সিএমএসএমই-এর অন্তর্ভুক্ত ব্যবসা উদ্যোগসমূহ

| শিল্প উদ্যোগের ধরণ | উপখাত | শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদন্ড: জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ শিল্প প্রতিষ্ঠানের মোট স্থায়ী সম্পদের মূল্য | শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদন্ড: শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত/কর্মরত জনবলের সংখ্যা | শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদন্ড: ব্যবসা প্রতিষ্ঠানের বার্ষিক লেনদেন-এর পরিমাণ | সর্বোচ্চ ঋণসীমা |
|---|---|---|---|---|---|
| কুটির শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকার নিচে | পারিবারিক সদস্যসহ ১৫ জনের অধিক নয়। | | ১৫ লক্ষ টাকা |
| মাইক্রো শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার নিচে | ১৬ থেকে ৩০ জন বা তার থেকে কম | | ১ কোটি টাকা |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকার নিচে | সর্বোচ্চ ১৫ জন | | ২৫ লক্ষ টাকা |
| | ট্রেড/ব্যবসা উদ্যোগ | ১০ লক্ষ টাকার নিচে | সর্বোচ্চ ১৫ জন | সর্বোচ্চ ২ কোটি টাকা | ৫০ লক্ষ টাকা |
| ক্ষুদ্র শিল্প | উৎপাদনশীল শিল্প | ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকার নিচে | ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকার নিচে | | ২০ কোটি টাকা |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার নিচে | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার নিচে | | ৫ কোটি টাকা |
| | ট্রেড/ব্যবসা উদ্যোগ | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা | ১৬ থেকে ৫০ জন | ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা |
| মাঝারী শিল্প | উৎপাদনশীল শিল্প | ১৫ কোটি টাকা থেকে ৫০ কোটি টাকার নিচে | ১২১ থেকে ৩০০ জন তবে তৈরী পোশাক বা শ্রমঘন শিল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ১০০০ জন | | ৭৫ কোটি টাকা |
| | সেবা শিল্প | ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকার নিচে | ৫১ থেকে ১২০ জন | | ৫০ কোটি টাকা |


# কুটির,মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অনুকূলে প্রদেয় খাতভিত্তিক ঋণের লক্ষমাত্রা ও তার বিভাজন

| বিষয়াবলী | ২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষমাত্রার হার |
|---|---|
| সিএমএসএমই নীট ঋণ ও অগ্রীম স্থিতি | নীট ঋণ ও অগ্রীম স্থিতির ২৫% |
| সিএমএস উদ্যোগে নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ | সিএমএসএমই নীট ঋণ ও অগ্রীম স্থিতির ৫০% |
| নারী উদ্যোগে নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ | সিএমএসএমই নীট ঋণ ও অগ্রীম স্থিতির ১৫% |
| সিএমএসই নীট ঋণ ও অগ্রিম স্থিতির খাত ভিত্তিক বিভাজন | উৎপাদনশীল শিল্পে অন্যূন ৪০%,সেবা শিল্পে অন্যূন ২৫% এবং ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫% |

# ঋণ আবেদন ও মঞ্জুরী প্রক্রিয়া

আবেদন প্রত্যাখাত হলে উচ্চধাপে পুনঃবিবেচনার জন্য গ্রাহক আবেদন করতে পারবেন। চূড়ান্তভাবে বাতিল হলে তা লিখিত ভাবে উদ্যোক্তাকে জানাতে হবে।

বিনিয়োগ হিসাব খোলার জন্য ভিন্ন রং এর আবেদন পত্রে আবেদন করতে হবে।




আবেদন প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত গ্রহনপূর্বক লিখিত আকারে উদ্যোক্তাকে জানাতে হবে।

# সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদান

ক্ষুদ্র ঋণের ক্ষেত্রে জামানত সমস্যা সমাধানের জন্য নিম্নোক্ত গ্যারান্টি গুলো বিবেচনা করা যেতে পারে:-



## ব্যক্তিগত গ্যারান্টিঃ

উভয় পক্ষের নিকট গ্রহনযোগ্য কোন ব্যক্তির অঙ্গীকারনামা।



## সামাজিক গ্যারান্টিঃ

সামাজিক কোন প্রতিষ্ঠান/সংস্থার অঙ্গীকারনামা।



## গ্রুপ গ্যারান্টিঃ

গ্রুপ ভিত্তিক ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রুপ কতৃক প্রদত্ত অঙ্গীকারনামা।

# নারী উদ্যোগ অর্থায়নে বিশেষ নির্দেশনাসমূহ

01 প্রত্যেক ব্যাংক প্রধান কার্যালয় সহ আঞ্চলিক কার্যালয়ে নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট গঠন করবে এবং এ ইউনিট শাখা পর্যায়ে **Women Entrepreneurs’ Dedicated Desk** সমূহের কার্যাবলী মনিটর করবে।

02 প্রতিটি শাখায় আলাদা **Women Entrepreneurs’ Dedicated Desk** স্থাপন করবে।

03 প্রতিটি ব্যাংক শাখা প্রতি বছর ন্যুনতম ৩ (তিন) জন নতুন নারী উদ্যোক্তা চিহ্নিত করে প্রশিক্ষণ প্রদান করবে এবং ন্যুনতম ১ (এক) জনকে অর্থায়নের ব্যবস্থা করবে।

04 প্রয়োজনে বিধি মোতাবেক পুনঃঅর্থায়ন করতে হবে।

# নারী উদ্যোক্তা অর্থায়নে পুনঃ অর্থায়ন স্কীম

- জুলাই ০১, ২০২১ তারিখ হতে ডিসেম্বর ৩১, ২০২৪ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণ/বিনিয়োগ যথাসময়ে সমন্বয়/আদায়/পরিশোধ-এর শর্তস্বাপেক্ষে প্রতিষ্ঠান ও গ্রাহক পর্যায়ের প্রত্যেককে ১% করে মোট ২% প্রণোদনা বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে প্রদান করা হবে।
- ত্রৈমাস শেষ হওয়ার পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে আবেদন দাখিল করতে হবে যার প্রেক্ষিতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাবে প্রণোদনার অর্থ জমা হবে এবং পত্র মারফত প্রতিষ্ঠানকে অবহিত করা হবে।
- প্রণোদনার অর্থ বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট নারী উদ্যোক্তার প্রাপ্য অংশ পরিশোধ করতে হবে।
- প্রণোদনার অর্থ হতে অন্য কোন ঋণ সমন্বয়/পরিশোধ করা যাবে না।

# অন্যান্য পুনঃ অর্থায়ন স্কীমসমূহ

➢কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম (১৪০০ কোটি টাকা, গ্রাহক পর্যায়ে ৭%, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩%, নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ-১৫%)।

➢স্মল এন্টারপ্রাইজ খাতে  পুনঃঅর্থায়ন স্কীম (১৫০০ কোটি টাকা)।

➢কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল (১০০ কোটি টাকা, গ্রাহক পর্যায়ে ৭%, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩%, নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ-১৫%)।

➢'কৃষি ভিত্তিক শিল্প', 'ক্ষুদ্র উদ্যোক্তা' এবং 'কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা' খাতে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল।

➢সিএমএসএমই খাতে প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের দশ হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল (গ্রাহক পর্যায়ে ৯%, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৫%, নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ ৮%)।

# অন্যান্য পুনঃ অর্থায়ন স্কীমসমূহ(চলমান..)

- কোভিড-১৯ অতিমারিতে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের দুই হাজার পাঁচশত বিশ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল।
- বাংলাদেশ ব্যাংকের ২৯-০৩-২০২১ তারিখের এসএমই এন্ড এসপিডি সার্কুলার নং-০৪ 'স্টার্ট আপ ফান্ড' নামে ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল।

# নারী উদ্যোক্তা পর্যায়ে ঋণ প্রদান সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, বরিশাল অফিস কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহ

একাধিকবার বিভিন্ন রাষ্ট্রায়াত্ত/বেসরকারী বাণিজ্যিক ব্যাংকের আঞ্চলিক প্রধানগণ ও নারী উদ্যোক্তাদের সমন্বয়ে আলোচনা সভার আয়োজন করা।

বরিশাল উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর মাধ্যমে নারী উদ্যোক্তাদের তথ্য সংগ্রহ ও পর্যালোচনা।

জাতীয় অর্থনীতিতে নারী উদ্যোক্তাদের অবদান উল্লেখপূর্বক বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান।


নিয়মের মধ্যে থেকে সহজ শর্তে ঋণ প্রাপ্তি নিশ্চিতকরণের নিমিত্তে ব্যাংকারগণের প্রতি নির্দেশনা প্রদান।

নারী উদ্যোক্তাদের চ্যালেঞ্জসমূহ পর্যালোচনা।

# নারী উদ্যোক্তা পর্যায়ে ঋণ প্রদান সহজীকরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অর্জন

স্মল এন্টারপ্রাইজ রিফাইন্যান্স স্কীম নামক ১৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম-এর আওতায় ২০০৪ সাল হতে জুন'২০২১ পর্যন্ত মোট ২৯৮৬৩ জন নারী উদ্যোক্তাকে প্রদত্ত ঋণের বিপরীতে ৩৭৬৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন করা হয়। তন্মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরে মোট ৩০৩৯ জন নারী উদ্যোক্তাকে প্রদত্ত ঋণের বিপরীতে ৫৫০ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়।





কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল-এর আওতায় ১৭১ জন নারী উদ্যোক্তাকে ৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয় এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম-এর আওতায় ১৯৬৮ জন নারী উদ্যোক্তাকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়।




# নারী উদ্যোক্তা পর্যায়ে ঋণ প্রদান সহজীকরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অর্জন (চলমান..)

নারী উদ্যোক্তাদের ব্যক্তিগত গ্যারান্টির বিপরীতে সর্বোচ্চ ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহকে উৎসাহিতকরণ অব্যাহত রয়েছে।

১ বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩ মাস এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩/০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।





কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের ১০,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম-এর আওতায় জুন,২০২১ পর্যন্ত মোট ৫৪৩৫ জন নারী উদ্যোক্তাকে ঋণ ছাড়করণের বিপরীতে ৭৬০ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়।


নারী উদ্যোক্তাদের অর্থায়নের সুবিধার্থে গ্রুপভিত্তিক ঋণ বিতরণের নীতিমালা প্রবর্তন করা হয়েছে।



# নারী উদ্যোক্তা পর্যায়ে ঋণ প্রদান সহজীকরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অর্জন (চলমান..)

নারী উদ্যোক্তা অর্থায়নে বিশেষ ব্যাংকিং কৌশল উদ্ভাবন ও প্রয়োগের বিষয়ে ব্যাংকারদের নির্দেশনা প্রদান করা হয়েছে।





হয়রানির শিকার হলে কিংবা আর্থিক সেবা প্রাপ্তির বিষয়ে তথ্য, পরামর্শ পেতে প্রব্লেম সল্যুশন সেন্টারে সরাসরি যোগাযোগ, লিখিত আবেদন এবং ই-মেইলের মাধ্যমে জানানোর এবং অভিযোগ দাখিলের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকে সরাসরি কথা বলার সুবিধা রাখা হয়েছে (১৬২৩৬)।



# ধন্যবাদ !